দৈনিক জনকণ্ঠ

তারিখ 28 JAN 2016 পৃষ্ঠা ১৪ কলাম ৭

# প্রধান শিক্ষক ছাড়াই চলছে ২৭৩ প্রাথমিক স্কুল

নিজস্ব সংবাদদাতা, পাবনা, ২৭ জানুয়ারি ॥ জেলায় শিক্ষক স্বল্পতায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। জেলার ৯টি উপজেলার ২৭৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ছাড়াই চলছে। অন্যদিকে এসব স্কুলের ২৫৩টি সহকারী শিক্ষকের পদও শূন্য রয়েছে। জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, জেলার ১০৯৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২৭৩টিতে প্রধান শিক্ষক ও ২৫৩টি সকহারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। শিক্ষক স্বল্পতায় এসব স্কুলের শিক্ষা কার্যক্রমে মারাত্মক সমস্যা সৃষ্টি হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আব্দুস ছালাম জানিয়েছেন, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২৫ ভাগ পদ পূর্ণ রয়েছে। অবশিষ্ট ৭৫ ভাগ প্রধান শিক্ষকের পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিয়ম রয়েছে। দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদের পদোন্নতি বন্ধ রয়েছে। জেলায় সরকারীভাবে ১৫০০ পোস্ট প্রকল্পের আওতায় যে ১০টি স্কুল রয়েছে সেখানেও শিক্ষক স্বল্পতায় নামকেওয়াস্তে চলছে। তবে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, সরকারী সহকারী প্রধান শিক্ষকদের মধ্য থেকে পদোন্নতির তালিকা প্রস্তুত করা হচ্ছে। খুব শীঘ্রই প্রধান শিক্ষক পদ পূরণ হবে বলে আশা করা যাচ্ছে।